গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
পরিকল্পনা-১ শাখা

চাসপ্রাবি
নথিতে উপস্থাপন/আল
সংরক্ষণ/সকলকে অবগত
☐ উপ-প্রকল্প পরিচালক
☐ নির্বাহী প্রকৌশলী
☑ সহকারী পরিচালক
☐ সিনিয়র সহকারী প্রকৌ
☐ সহকারী প্রকৌশলী (DPHE)
☐ হিসাব রক্ষণ কর্মকর্তা
☐ হিসাবরক্ষক
☐ কম্পিউটার অপারেটর
প্রকল্প পরিচালক
১৪/৬/২৩

বিষয়ঃ “চাহিদাভিত্তিক সরকারি প্রাথমিক বিদ্যালয় উন্নয়ন প্রকল্প (১ম পর্যায়)”-শীর্ষক প্রকল্পের স্টিয়ারিং কমিটির ১৬তম সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | ফরিদ আহাম্মদ<br>সচিব |
| সভার তারিখ | ০৮ জুন ২০২৩ খ্রিঃ |
| সভার সময় | বেলা ১:১৫ ঘটিকা |
| স্থান | সভাকক্ষ, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এবং অনলাইন জুম প্লাটফর্মে অনুষ্ঠিত। |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক |

সভাপতি উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর সভাপতির অনুমতিক্রমে প্রকল্প পরিচালক প্রকল্পের হালনাগাদ বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করেন।

২।আলোচনা:

২.১ প্রকল্প পরিচালক জানান যে, ২০২২-২৩ অর্থ বছরের আরএডিপিতে বরাদ্দকৃত ৮৪৩.৮০ কোটি টাকার মধ্যে এ পর্যন্ত ৭২৪.৯০ কোটি টাকা ছাড় হয়েছে এবং ব্যয় হয়েছে ৩৫৬.৬৭ কোটি টাকা যা আরএডিপি বরাদ্দের ৪২% এবং ছাড়কৃত অর্থের ৪৯%। বাস্তব অগ্রগতি হয়েছে ৫০%। সংস্থাভিত্তিক ব্যয়ের মধ্যে এলজিইডির আর্থিক অগ্রগতি ৪৩%, ডিপিএইচইর ৬৪%। প্রকল্পের শুরু থেকে মে'২০২৩ পর্যন্ত প্রকল্পের ক্রমপুঞ্জিত ব্যয় ৭২৩১.৫২ কোটি টাকা যা মোট প্রকল্প ব্যয়ের ৬৬% এবং বাস্তব অগ্রগতি ৭৩%।

২.২ তিনি আরো জানান যে, চলতি অর্থবছরের নির্মাণ লক্ষ্যমাত্রা অনুসারে ৩৫০০টি শ্রেণিকক্ষের বিপরীতে এ পর্যন্ত ৪০৬৪টি নির্মাণ সম্পন্ন হয়েছে এবং ১১৫১টি শ্রেণিকক্ষের কাজ ৯০-৯৯% সম্পন্ন হয়েছে। প্রকল্পের শুরু থেকে এ পর্যন্ত নির্মিত মোট শ্রেণিকক্ষের সংখ্যা ২৭,৫০৪টি যা ডিপিপির মোট লক্ষ্যমাত্রার ৭৩%। এছাড়া এ প্রকল্পের আওতায় এ পর্যন্ত মোট ৩৫১১টি ওয়াশব্লক এবং ৪০২০টি নলকূপ নির্মাণ করা হয়েছে। চলতি অর্থবছরে নির্মিত ওয়াশব্লকের সংখ্যা ১১৮২ এবং নলকূপ ১৬৭৫টি।

২.৩ আর্থিক বছরের শেষ পর্যায়ে অগ্রগতির কম হওয়ায় সভাপতি অসন্তোষ প্রকাশ করেন। জুন ২০২৩ এর মধ্যে ১০০% কাজ বাস্তবায়নের জন্য নির্দেশনা প্রদান করেন। তিনি আরো বলেন, প্রকল্পের বাস্তব অগ্রগতি সাথে আর্থিক অগ্রগতির সামঞ্জস্য থাকতে হবে। এ পর্যায়ে প্রকল্প পরিচালক জানান, প্রকল্পের বাস্তবায়ন ত্বরান্বিত করার জন্য যে সমস্ত বিদ্যালয়ের নির্মাণ কাজের অগ্রগতি ০%-৩০%, এ ধরণের বিদ্যালয়ের ক্ষেত্রে দ্রুততম সময়ের মধ্যে নির্মাণ কাজ বাস্তবায়নের জন্য এলজিইডিকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। এছাড়া যে সমস্ত বিদ্যালয়ের কাজ দীর্ঘদিন ধরে বন্ধ আছে সেগুলোর কাজ বাস্তবায়নের লক্ষ্যে স্থানীয়ভাবে সমাধানের জন্য এলজিইডি'কে নির্দেশনা প্রদান করা হয়। সভাপতি বলেন, প্রকল্পের সংশোধিত লক্ষ্যমাত্রা অনুযায়ী অবশিষ্ট ওয়াশব্লক ও ডিপ টিউবওয়েল এর দরপত্র আহবান জুন/২০২৩ এর মধ্যে সম্পন্ন করতে হবে। যে সমস্ত উপজেলায় বরাদ্দকৃত সমূদয় অর্থ ব্যয়ের সম্ভাবনা নাই সে সমস্ত উপজেলার অর্থ অন্য উপজেলায় সমন্বয়ের মাধ্যমে বরাদ্দ প্রদানের বিষয়টি এলজিইডি নিশ্চিত করবে।

২.৪ ডিপিএইচইর অতিরিক্ত প্রধান প্রকৌশলী সভাকে অবহিত করেন যে, বিভিন্ন জেলায় ওয়াশব্লকের দরপত্র আহ্বান করা হলেও দরদাতা না পাওয়ার কারণে বারংবার পুনঃদরপত্র আহ্বান করতে হচ্ছে। তিনি প্রস্তাব করেন, প্রকল্পের অনুমোদিত বিদ্যালয় তালিকা অনুসারে যেখানে এলজিইডি কর্তৃক চর ডিজাইন অনুসরন করে বিদ্যালয় ভবন নির্মাণ করা হয়েছে সেখানে স্থানান্তরযোগ্য চর

ডিজাইনের ওয়াশব্লক নির্মাণ করা যেতে পারে। পাশে পর্যাপ্ত জায়গা নাই এমন দ্বিতল ভবনের বিদ্যালয় কিংবা সিড়িবিহীন একতলা ভবনের বিদ্যালয়ের ক্ষেত্রে অন্যান্য সুযোগ সুবিধাকে বাধাগ্রস্ত না করে একতলা ওয়াশব্লক নির্মাণের বিষয়ে তিনি মতামত প্রদান করেন। সভার ডিপিপির স্কোপ পরিবর্তন না করে প্রযোজ্য ক্ষেত্রে একতলা ওয়াশব্লক নির্মাণের বিষয়টি বিবেচনা করার কথা বলা হয়। প্রকল্প পরিচালক সুপারিশ করেন যে, বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসারের সুপারিশের ভিত্তিতে বিদ্যালয়ের অন্যান্য সুযোগ সুবিধাকে বাধাগ্রস্ত না করে একটি চাহিদাভিত্তিক লে আউট প্লান প্রনয়ন পূর্বক ওয়াশব্লক নির্মান কাজ বাস্তবায়ন করা যেতে পারে। লে আউট প্লানে উপজেলা প্রকৌশলী এলজিইডি ও উপজেলা প্রকৌশলী ডিপিএইচই এর প্রত্যয়ন থাকা আবশ্যক।

২.৫ প্রকল্প পরিচালক সভাকে আরো অবহিত করেন যে, জিআইএস সফটওয়্যার এর পাইলটিং এবং জিআইএস ডাটা সফটওয়্যারে আপলোডের কাজ এখনো সম্পন্ন হয়নি। এ পর্যায়ে এলজিইডি'র প্রতিনিধি বলেন আগামী ৩১ আগষ্ট ২০২৩ এর মধ্যে জিআইএস এর সমস্ত ডাটা সফটওয়্যারে আপলোড করে সফটওয়্যারটি পাইলটিং করা হবে।

৩। সিদ্ধান্ত :

সভায় বিস্তারিত আলোচনাক্রমে উপস্থিত কর্মকর্তাগণের সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

৩.১ চলতি অর্থ বছরে আরএডিপি বরাদ্দের ১০০% ব্যয় নিশ্চিত করতে হবে এবং প্রকল্পের বাস্তব অগ্রগতি সাথে আর্থিক অগ্রগতির সামাঞ্জস্য রাখতে হবে;

৩.২ যে সকল বিদ্যালয়ের নির্মাণ কাজের অগ্রগতি ০%-৩০% সে সকল বিদ্যালয়ের বাস্তবায়ন সমস্যা এলজিইডি স্থানীয়ভাবে সমাধান করবে;

৩.৩ যে সমস্ত উপজেলায় বরাদ্দকৃত সমুদয় অর্থ ব্যয়ের সম্ভাবনা নাই সে সমস্ত উপজেলার অর্থ অন্য উপজেলায় সমন্বয়ের মাধ্যমে বরাদ্দ প্রদানের বিষয়টি এলজিইডি নিশ্চিত করবে:

৩.৪ ডিপিপির স্কোপ পরিবর্তন না করে এলজিইডি কর্তৃক চর ডিজাইনে নির্মিত বিদ্যালয় ভবন অথবা প্রযোজ্য ক্ষেত্রে একতলা বিশিষ্ট ওয়াশব্লক নির্মাণের বিষয়টি বিবেচনা করা যেতে পারে;

৩.৫ আগামী ৩১ আগষ্ট ২০২৩ এর মধ্যে জিআইএস এর সমস্ত ডাটা সফটওয়্যারে আপলোড করে সফটওয়্যারটি পাইলটিং সম্পন্ন করতে হবে।

৪.০ সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

ফরিদ আহাম্মদ
সচিব

তারিখ: ৩০ জ্যৈষ্ঠ ১৪৩০
১৩ জুন ২০২৩

স্মারক নম্বর: ৩৮.০০.০০০০.০১২.৯৯.০০৮.১৮.১১৪

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২) সদস্য, আর্থ সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।

৩) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।

৪) সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।

৫) মহাপরিচালক (গ্রেড-১), **প্রাথমিক শিক্ষা অধিদপ্তর**, মিরপুর-২, ঢাকা।

৬) যুগ্মপ্রধান, এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।

৭) অতিরিক্ত সচিব (উন্নয়ন), উন্নয়ন অনুবিভাগ, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৮) প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।

৯) প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কাকরাইল, ঢাকা।

১০) পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।

১১) প্রকল্প পরিচালক, চাহিদাভিত্তিক সরকারি প্রাথমিক বিদ্যালয় উন্নয়ন প্রকল্প (১ম পর্যায়), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।

১২) যুগ্মসচিব (পরিকল্পনা), পরিকল্পনা অধিশাখা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১৩) সচিবের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

ফারহানা হক

ফারহানা হক
উপসচিব

০১. 'চতুর্থ প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচি (পিইডিপি৪)' এর স্টিয়ারিং কমিটির ১৭তম সভা
০২. ঢাকা মহানগরী ও পূর্বাচলে সপ্রাবি স্থাপন ও অবকাঠামো উন্নয়নসহ দৃষ্টিনন্দনকরণ প্রকল্প
০৩. চাহিদাভিত্তিক সরকারি প্রাথমিক বিদ্যালয় উন্নয়ন প্রকল্প
০৪. চাহিদাভিত্তিক নতুন জাতীয়করণকৃত সরকারি প্রাথমিক বিদ্যালয় উন্নয়ন প্রকল্প
০৫. প্রাথমিক পর্যায়ে শিক্ষার্থীদের প্রোফাইল প্রণয়ন প্রকল্প

## উপস্থিত সদস্যগণের তালিকা

তারিখ : ০৮ জুন ২০২৩

সময় : বেলা ১২:৩০ থেকে ২.০০ টা পর্যন্ত

স্থান : সভাকক্ষ, প্রাগম এবং অনলাইন প্লাটফর্ম

| ক্র: নং | নাম ও পদবী | সংস্থা | টেলিফোন নম্বর ও ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১. | মোঃ মোশাররফ হোসেন<br>অতিঃ সচিব | প্রাগম | 01716519929 | [signature] |
| ২. | সৈয়দ জাহাঙ্গীর আলম<br>অতিরিক্ত মহাপরিচালক | ডিপিই | 01711-188133 | [signature] |
| ৩. | মোঃ মিজানুর রহমান<br>পরিচালক | ডিপিই | 01754191151 | [signature] |
| ৪. | ড. সৈয়দ আসাদুজ্জামান<br>উপ-প্রকল্প পরিচালক | CRVS প্রকল্প | 01817061651 | [signature] |
| ৫. | মো: হাবীবুল্লাহ<br>প্রোগ্রামার | CRVS, DPE | 01714981333<br>bd.habibullah@gm... | [signature] |
| ৬. | মোহাঃ মাহমুদুর রহমান<br>অতিরিক্ত সচিব | প্রাগম | | [signature] |
| ৭. | শেখ আব্দুস সালাম<br>অতিরিক্ত প্রধান প্রকৌশলী | (শিক্ষা) প্রকৌশল | 01712512353 | [signature] |
| ৮. | ড. মো: আব্দুল্লাহ<br>SE (Education) | LGED | 01711175664<br>se.education@lged.gov.bd | [signature] 8/6/23 |
| ৯. | ফারহানা হক<br>উপসচিব | প্রাগম | 01817095631 | ফারহানা হক |
| ১০. | এ এস এম মোর্শেদ বিপুল<br>DPD<br>দৃষ্টিনন্দনকরণ প্রকল্প | DPE | 01885555744<br>morshedbipul1969@gmail.com | [signature]<br>08.06.2023 |

| ক্র: নং | নাম ও পদবী | সংস্থা | টেলিফোন নম্বর ও ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১১. | মো: আসাদুজ্জামান হোসেন প্রকল্প পরিচালক (অ: দা:) | NNGPSP-1 DPE | 01711183592 | [signature] 8/6/23 |
| ১২. | এ.এম.এম. আমিনুজ্জামান নির্বাহী প্রকৌশলী | প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন | 01966865001 | [signature] 08/6/23 |
| ১৩. | মোহা: মাকসালীন নির্বাহী প্রকৌশলী | এলজিইডি | 01715-086363 maksalin2267@yahoo.co | [signature] 8/6/2023 |
| ১৪. | আ.ন.ম. ওয়াহিদুজ্জামান নির্বাহী প্রকৌশলী | এলজিইডি | 01741-434142 | [signature] 8/6/23 |
| ১৫. | জহির সোহেল নির্বাহী প্রকৌশলী | ডিপিএইচই | 01711 022 405 | [signature] 8/6/23 |
| ১৬. | আসাদুজ্জামান শিক্ষা অফিসার | ডিপিই | 01715814707 | [signature] 08.06.23 |
| ১৭. | মেরিনা হাসনাত সহকারী শিক্ষা কর্মকর্তা | ডিপিই | 01721234312 | [signature] 08.06.2023 |
| ১৮. | মোহাম্মদ আলমগীর হোসেন প্রোগ্রামার [illegible] | [illegible] প্রোগ্রামার | 01711484976 | [signature] 08/6/23 |
| ১৯. | হাবিবুর রহমান উপপরিচালক টিএমইডি | টিএমইডি | ০১৮১৭৫২১৬৩০৬ | [signature] 08/06/2023 |
| ২০. | মো: সিরাজুল ইসলাম সিনিয়র এনালিস্ট | প্রশাসন | 01717662029 | [signature] 08/06/23 |
| ২১. | | | | |
| ২২. | | | | |
| ২৩. | | | | |
| ২৪. | | | | |